

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৩] অনুসারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা' এর কার্যবিবরণী।

সভাপতি	ঃ ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি।
সভার তারিখ	ঃ ২৫ জুন ২০২৫ খ্রি।
সময়	ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান	ঃ বিএআরসি অডিটোরিয়াম, ফার্মগেট, ঢাকা।
উপস্থিতির তালিকা	ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বিএআরসি; কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থার সেবা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কাউন্সিলের সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ সেবাগ্রহীতা বেসরকারি প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিদের ধন্যবাদ জানান। অতঃপর বিএআরসি'র জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কাউন্সিলের সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ এবং ২০২৪-২৫ অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [১.৩] অনুসারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের ০২টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে আজকে এই ২য় সভার আয়োজন করা হয়েছে।

- ১। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি সভার শুরুতে বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হওয়া, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।
- ২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন বর্তমানে বিএআরসি ০৮টি নাগরিক সেবা, ১৭টি দাপ্তরিক সেবা ও ২০টি অভ্যন্তরীণ সেবা প্রদান করছে। সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান, বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদণ্ড সরবরাহ ও বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্কস/লোগো প্রদান, সভা/সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণের জন্য ভেন্যু বরাদ্দ, কম্পিউটার ল্যাব সুবিধা ইত্যাদি নাগরিক সেবা প্রদান বিষয়ে বিশদভাবে উপস্থাপন করেন।
- ৩। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবাকে

প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; কৃষি মন্ত্রণালয় স্থায়ী কমিটি/মন্ত্রণালয়ের জন্য প্রতিবেদন প্রেরণ; দেশের অভ্যন্তরে পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৪। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে। তিনি আরও উল্লেখ করেন, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতিষ্ঠানের মূল ফটকসহ ওয়েবসাইটের (www.barc.gov.bd) সিটিজেন চার্টার সেবাবক্সে আপলোড করা আছে।

৫। এ পর্যায়ে সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহ্বান জানান। সভায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসি ও জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত মোট ১৩টি প্রতিষ্ঠানের সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা, ০৫টি বেসরকারি প্রতিষ্ঠানের সেবা গ্রহীতা ও সাংবাদিকসহ প্রায় ৮০ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৫.১. সভায় উপস্থিত সিনজেনটা বাংলাদেশের প্রতিনিধি মীর তৌহিদ-উল ইসলাম, রেগুলটরি এক্সিকিউটিভ কাউন্সিলের সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সংক্রান্ত নাগরিক সেবার ধাপ/প্রক্রিয়া সহজীকরণ ও অনলাইন সেবা প্রদানের প্রস্তাব উত্থাপন করেন। উল্লেখ্য, উক্ত সেবার আওতায় ০৫টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) সিনজেনটা বাংলাদেশ লিমিটেড (২) বাংলামাদ লিমিটেড (৩) ইন্ডোফিল বাংলাদেশ লিমিটেড (৪) বেসিক ক্রপ কেয়ার (৫) এসিআই এগ্রো লিমিটেড এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

৫.২ সভায় সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সংক্রান্ত নাগরিক সেবার ধাপ/প্রক্রিয়া সহজীকরণ ও অনলাইন সেবা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্ণিত সেবাটি অপেক্ষাকৃত কম সময়ে কৃষি মন্ত্রণালয়ের অধীন সারের টেকনিক্যাল সাব-কমিটি (Technical Sub-Committee)-তে উত্থাপন বিষয়ে আলোচনা হয়।

৫.৩ সভায় কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিটের ড. আহমেদ নুমেরী আশফাকুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অবহিত করেন বর্ণিত সেবার অনলাইনকরণ প্রস্তাবনা a2i এর উদ্যোগে সম্প্রতি বান্দরবানে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে বিএআরসি কর্তৃক a2i, Integrated Digital Service Platform (IDSP) Syntec এর সহযোগীতায় উল্লিখিত সেবাটি শীঘ্রই অনলাইন সেবার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হবে।

৫.৪. ড. এ. টি. এম. মোরশেদ আলম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট বিএআরসি'র প্রাতিষ্ঠানিক সেবার আওতায় বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং সমঝোতা স্মারক এর মতামত প্রদান ধাপ/প্রক্রিয়া কমিয়ে কম সময়ের মধ্যে সেবা প্রদানের প্রস্তাব উত্থাপন করেন।

৫.৫. সভাপতি বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং সমঝোতা স্মারক সেবার মতামত প্রদান ধাপ/প্রক্রিয়া কমিয়ে আনার বিষয়ে বিএআরসি কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

৬। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবা অনলাইন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে কাউন্সিলের সংশ্লিষ্ট বিভাগ ও ইউনিটকে অনুরোধ জানান।

৭। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা
৭.১	সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবা অনলাইন সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি। এবং কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি।
৭.২	কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে সার বিষয়ক কারিগরি উপ-কমিটি ও সার প্রমিতকরণ কমিটির সভা আয়োজন ত্বরান্বিতকরণ;	প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি।
৭.৩	বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং সমঝোতা স্মারক সেবার ওপর মতামত প্রদান ধাপ/প্রক্রিয়া সহজীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ বিএআরসি।
১০.৫	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী, নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	সকল বিভাগ ও ইউনিট বিএআরসি।
১০.৭	সভার সিদ্ধান্ত ও সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	সকল বিভাগ ও ইউনিট বিএআরসি।

(ড. মোঃ ছায়ফুল্লাহ)

সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)

বিএআরসি।